



বাংলাদেশ ব্যাংক
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)
প্রধান কার্যালয়
ঢাকা।
erecruitment.bb.org.bd



বিজ্ঞপ্তি নং : ২৬/২০২০

তারিখ : ০২ চৈত্র ১৪২৬
১৬ মার্চ ২০২০

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক(এক্স ক্যাডার-গ্রহাণকার)' পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষায়
উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল প্রকাশ এবং মৌখিক পরীক্ষা গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক(এক্স ক্যাডার-গ্রহাণকার)' পদে নিয়োগের নিমিত্তে ০৩/০৯/২০১৯ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং- ৩৫/২০১৯ এর সূত্রে গত ১১/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় নিম্নবর্ণিত ২৯(উনত্রিশ) জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন এবং তাদের মৌখিক পরীক্ষা বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের মূল ভবনে (৪র্থ তলা) নিম্নরূপ সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :-


ক্রমিক নং	লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রোল নম্বর	মৌখিক পরীক্ষার তারিখ, বার ও সময়
০১।	100023, 100026, 100043, 100062, 100068, 100084, 100101, 100125, 100160, 100162, 100192, 100197, 100220, 100258 এবং 100277 = 15 জন	১২/০৪/২০২০ রবিবার বিকাল ০৩:০০টা
০২।	100278, 100280, 100283, 100284, 100334, 100355, 100374, 100380, 100416, 100423, 100457, 100469, 100472 এবং 100493 = 14 জন	১৩/০৪/২০২০ সোমবার বিকাল ০৩:০০টা

০২। মৌখিক পরীক্ষার জন্য পৃথকভাবে কোনো ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না; লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।

০৩। মৌখিক পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ১(এক) ঘন্টা ৩০(ত্রিশ) মিনিট পূর্বে প্রার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে রিপোর্ট করতে হবে। বিলম্বে হাজির হওয়ার কোন কারণই কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য বিবেচিত হবে না। নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং প্রার্থীদের অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রমাণক দলিলাদির **মূলকপি প্রদর্শন এবং ০১ সেট সত্যায়িত ফটোকপি** নিম্নোক্ত ক্রমানুসারে সাজিয়ে চেকিং বোর্ডে জমা দিতে হবে :

- দলিলাদি দাখিলের অনুমতি প্রার্থনা করে মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর নিজ স্বাক্ষরযুক্ত স্বহস্তে লিখিত আবেদনপত্র;
- লিখিত পরীক্ষার প্রবেশপত্র;
- শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং মার্কশিট/ট্রান্সক্রিপ্ট(২৬/০৯/২০১৯ তারিখের পরে ইস্যুকৃত সনদপত্রে ফল প্রকাশের তারিখ উল্লেখ না থাকলে ফল প্রকাশের তারিখ উল্লেখ সংক্রান্ত মার্কশিট/ট্রান্সক্রিপ্ট অথবা পরীক্ষা নিয়ন্ত্রক বা রেজিস্ট্রার এর কার্যালয় হতে ইস্যুকৃত ফল প্রকাশের তারিখ সংক্রান্ত সনদ); উল্লেখ্য, 'O' Level/ 'A' Level পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদ (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);
- আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক সাম্প্রতিককালে ইস্যুকৃত জাতীয়তা সনদপত্র/নাগরিকত্ব সনদপত্র;
- যে সকল মুক্তিযোদ্ধার সন্তান ৩২ বছর পর্যন্ত আবেদনের বয়সসীমার সুযোগ গ্রহণ করেছেন তাদের ক্ষেত্রে নিম্নোক্ত প্রমাণক দলিলাদির কপি:
 - ১। লাল মুক্তিবর্তা ২। ভারতীয় তালিকা ৩। গেজেট
 - ৪। সাময়িক সনদ ৫। বামুস সনদ
 - ৬। মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের জন্য প্রমাণক দলিলাদির কপি(জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্র/এসএসসি সনদ/জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র) এবং
 - ৭। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এই মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট/ওয়ারিশান সনদ;
- যে সকল প্রতিবেদী প্রার্থী ৩২ বছর পর্যন্ত আবেদনের বয়সসীমার সুযোগ গ্রহণ করেছেন তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রতিবেদীতার স্বপক্ষে প্রদত্ত সনদপত্র; এবং
- চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র।

০৪। কোনো ক্ষেত্রে যাচিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোনো সময় প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোনো জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর(Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।


(কাজী আকতারুল ইসলাম)
মহাব্যবস্থাপক